গাংনী সীমান্তে ৪০ লাখ টাকার ভারতীয় আঁতশবাজি উদ্ধার করেছে বিজিবি

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) গাংনী উপজেলার কাজিপুর (বিওপি) সদস্যরা মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে পরিত্যক্ত অবস্থায় ১৫ হাজার ৯৬০ পিচ ভারতীয় আঁতশবাজি উদ্ধার করেছে।

আজ শুক্রবার (২৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলার কাজিপুর সীমান্তের আন্তর্জাতিক পিলার ১৪৬/৩এস এর ৩০০ গজ বাংলাদেশ অভ্যন্তরে এগুলো দেখতে পেয়ে বিজিবি সদস্যরা উদ্ধার করেন।

গাংনী উপজেলার কাজিপুর বিওপি ক্যাম্পের ইনচার্জ সুবেদার মো: মজিবুল হকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে এই আঁতশবাজি উদ্ধার করে।

আতশবাজিগুলোর আনুমানিক মূল্য প্রায় ঊনচল্লিশ লক্ষ নব্বই হাজার টাকা বলে জানানো হয়েছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সেক্টরের পক্ষ থেকে।

এঘটনায় কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) কাজিপুর বিওপি ক্যাম্পের পক্ষ থেকে গাংনী থানায় একটি সাধারণ ডাইরি করা হয়েছে।

মেহেরপুরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ ঘোষণা

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ক্ষেত্রে অবদান রাখা, প্রাথমিক শিক্ষার মানউন্নয়ন ও শিক্ষাকে এগিয়ে নিতে অবদান রাখা, শিক্ষার্থী ঝোরে পড়া রোধকল্পে কাজ করা, সঠিকভাবে পাঠদান, সঠিক সময়ে বিদ্যালয়ে হাজির, বিদ্যালয় পরিচালনা করাসহ বিভিন্ন বিষয়ের

গুরুত্ব দিয়ে মেহেরপুর জেলায় শ্রেষ্ঠদের নির্বাচিত ও তাদের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ ঘোষণা করা হয়েছে।

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ সভাপতি (এস এম সি) নির্বাচিত হয়েছেন মেহেরপুর সদর উপজেলার রাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (এস এম সি) সভাপতি মো: দেলোয়ার হোসেন রিগান।

এছাড়া মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম ফারুক শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (পুরুষ), পিরোজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজবীন আরা শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (নারী), গাংনী উপজেলার খড়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জালাল উদ্দীন শ্রেষ্ঠ সহকারি শিক্ষক(পুরুষ), মেহেরপুরের কাঁঠালপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নুরুন নাহার শ্রেষ্ঠ সহকারী শিক্ষক (নারী) নির্বাচিত হয়েছেন।

গাংনী উপজেলার তেরাইল চেয়ারম্যানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে শ্রেষ্ট প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত।

জেলা পর্যায়ে শ্রেষ্ঠ বিদ্যুৎসাহি সমাজকর্মী নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আনোয়ার পাশা। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ কাব শিক্ষক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার মটমুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব আরা বিউটি। প্রাথমিক শিক্ষা প্রশাসনের শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচিত হয়েছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কম্পিউটার অপারেটর আব্দুর রাজ্জাক।

শ্রেষ্ঠ সহকারি উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী সহকারি উপজেলা শিক্ষা অফিসার সামসুজ্জোহা এবং জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহা: আলাউদ্দীন। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।ঝরে পড়ার হার উল্লেখযোগ্যহারে কমাতে সক্ষম হওয়ায় জেলায় শ্রেষ্ঠ মেহেরপুর উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।

শ্রেষ্ট শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারী, ব্যক্তি ও

প্রতিষ্ঠাণ বাছাই কমিটির সভাপতি ও মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান ও সদস্য সচীব মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেস রঞ্জন রায় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২২ উপলক্ষে এ ঘোষণা দেন।

গাংনীতে হেডফোন নষ্ট হওয়ায় কিশোরের বিষপান

মোবাইল ফোনের ব্লুটুথ হেডফোন নষ্ট হওয়ায় পিতার ভয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেছে নয়ন হোসেন (১৪) নামের এক স্কুল ছাত্র।

নয়ন হোসেন গাংনী উপজেলার ধানখোলা উত্তরপাড়া এলাকার কৃষক মিনারুল ইসলামের ছেলে। নয়ন ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর ছাত্র।

গতকাল বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) সন্ধ্যার দিকে নয়ন হোসেন বাড়িতে বিষপান করে। পরে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে নিয়ে আসে।

নয়নের মা রাশিদা খাতুন বলেন, মোবাইল ফোনের হেডফোন নষ্ট হয়ে যাওয়ায় সে বিষপান করেছে।

গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম বলেন তার বিষ উঠানো হয়েছে। তবে এখন সে আশংকামুক্ত।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ১ আসামি রয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (২৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে এসিআই মোটরস এর সোনালিকা ডে ও মতবিনিময় সভা

এসিআই মোটরস এর আয়োজনে গাংনীর বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে অনুষ্ঠিত হয়েছে সোনালিকা ডে- ২০২২ এর বার্ষিক সার্ভিস ও মতবিনিময় সভা।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসিআই মটরস এর সিনিয়র রিজিওনাল ম্যানেজার যশোর রিজিয়ন আব্দুল্লাহ আল মামুন এর সভাপতিত্বে এবং এসিআই মটরস এর সিনিয়র

ট্যারিটরি ম্যানেজার মাহফুজুর রহমান এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইটিএল ইন্ডিয়া এর সার্ভিস হেড বাংলাদেশ মিঃ দিপেন্দু রায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসিআই মটরস এসিআই মটরস এর সেলস বিভাগের সিনিয়র এরিয়া ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র রিজিওনাল ম্যানেজার অরুন কান্তি। অনুষ্ঠানে মেহেরপুর জেলার বিভিন্ন কৃষি উদ্দোক্তাগণ,সোনালিকা ট্যাক্টর এর মালিকগণ সহ এলাকার বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে অতিথিগণ প্রদর্শনীর জন্য এসিআই মটরস এর সোনালিকা ট্যাক্টর, এর সার্ভিসসহ বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং এসিআই মোটরস দক্ষিণাঞ্চলের এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার আতিয়ার রহমান ও এসিআই মটরস বিভিন্ন মেশিনারী ও কৃষকদের বিভিন্ন সেবা প্রদানের জন্য এসিআই মোটরস এর সার্ভিস বিভাগের ডেপুটি জেনারেল ম্যানেজার রেদোয়ানুল ইসলাম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গাংনী টেরিটোরির সিনিয়র ম্যানেজার ফয়সাল আহমেদ।

অনুষ্ঠানে এসিআই মোটরস এর সোনালিকা ট্যাক্টর ও এর বিভিন্ন স্পেয়ার পার্টস ও এর সার্ভিসিং গুলো নিয়ে অনেকগুলো স্টল দেয়া হয়। এসিআই মোটরস এর যে সমস্ত গ্রাহকরা সোনালিকা ট্যাক্টর ক্রয় করেছেন তাদের কে নিয়ে এ মেলার আয়োজন করা হয়। এসিআই মোটরস এর পক্ষ থেকে গ্রাহকেূর জন্য বিক্রয়ের সেবা এবং বিভিন্ন অফার ও সুযোগ সুবিধার কথা তাদের জানানো হয়। মেলা স্টলে ৪ টি সোনালিকা ট্যাক্টর গ্রাহকদের ডেলিভারি দেয়া হয়।

এছাড়া দিনব্যাপি এ অনুষ্ঠানে গ্রাহকদের জন্য বিভিন্ন রকন খেলা, নাস্তা লাঞ্চসহ বিভিন্ন গিফট আইটেম প্রদান করা হয়। মেলায় সোনালিকা ট্যাক্টরের বিক্রয় পরবর্তী কোন সমস্যা তাৎক্ষণিক সমাধান দেয়া হয়। সোনালিকা ট্যাক্টরের গ্রাহকরা এসিআই মোটরস এর সেবায় আনন্দিত ও খুশী বলে তারা জানান।

এসিআই মোটরস ২০০৭ সাল থেকে এসিআই মোটরস বাংলাদেশের কৃষি যান্ত্রিকরনে প্রধান ভুমিকা পালন করছে। এসিআই মোটরস এর ট্যাক্টর ও পাওয়ারটিলার দিয়ে দেশের তিন ভাগের একভাগ কৃষি জমি চাষ করা হচ্ছে। বিগত কয়েকবছর ধরে সোনালিকা ট্যাক্টর বাংলাদেশের ট্যাক্টর ইন্ডাস্ট্রিতে শীর্ষ স্থানে অবস্থান করছে।

গাংনীতে ব্র্যাকের ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

টিবি,যক্ষ্মা,ম্যালেরিয়া,এইচআইভি এবং কোভিড-১৯ নিয়ন্ত্রণ কার্যকমের উপর ওরিন্টেশেন সভা অনিুষ্ঠিত হয়েছে।]

বৃহস্পতিবার গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সভাকক্ষে ওরিয়েন্টেশন সভার আয়োজন করে বেসরকারি সংস্থা ব্র্যাক।

জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি ও বেসরকারি সংস্থা ব্র্যাকের যৌথ আয়োজনে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় সভাপতিত্ব করেন বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবাইদুর রহমান কমল। স্বাগত বক্তব্য রাখেন ইউপি সচিব মনিরুল ইসলাম।

এসব রোগের প্রতিকার ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ক আলোচনা করেন ব্র্যাকের এরিয়া সুপারভাইজার (যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি) আবু হানিফ মোড়ল।

ব্র্যাকের প্রোগ্রাম অর্গানাইজার (গাংনী অঞ্চল) শহিদুজ্জামানের সঞ্চালনায় অনুষ্ঠানে সাব কমিউনিটি মেডিকেল অফিসার নাজমুল হক,ইউপি সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ ওরিয়েন্টেশনে অংশ গ্রহন করেন।

এসি ল্যাণ্ড শুন্য জেলা

মেহেরপুরের তিন উপজেলাতেই এসি ল্যাণ্ড (সহকারি কমিশনার, ভূমি) দীর্র্ঘদিন যাবৎ শুন্য থাকায় খারিজ, নামজারিসহ ভুমি সেবায় ভোগান্তিতে পড়েছেন স্থানীয়রা। এছাড়াও কানুনগো, সার্ভেয়ারসহ অনেক পদে লোকবল শুন্য রয়েছে।

বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে এসি ল্যাণ্ডের পদায়ন দেওয়া হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধিনে চলে বিভাগীয় কমিশনার কার্যালয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করছেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। অথচ মেহেরপুরের এই তিনটি গুরত্বপূর্ণ অফিসার পদায়ন হচ্ছে না দীর্ঘদিন।

জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও দুটি পৌরসভার প্রায় ৬ লাখ মানুষ ভূমি সংক্রান্ত সেবা থেকে এখন অনেকটাই বঞ্চিত। নামজারি জমা খারিজের অভাবে অনেকেরই জমি বিক্রি প্রায় বন্ধ হয়ে আছে।

এসিল্যান্ড অফিসের কয়েকজন জানান, কর্মকর্তা না থানায় খারিজ, নামজারি, জমা খারিজের জন্য আবেদনের ফাইল স্তূপ হয়ে জমে গেছে। এতে ভোগান্তিতে পড়েছেন সাধারণ জনগণ।

সূত্র মতে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলা সহকারি কমিশনার (ভূমি), মো: আবু সাঈদ বদলি হয়েছেন জুন মাসের শেষ দিকে। সদর উপজেলা ভূমি অফিসের চলতি বছরের ১ জুলাই থেকে এই পদটি শুন্য রয়েছে।

গাংনী উপজেলার এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছেন আগষ্ট মাসের শেষ দিকে। ১ সেপ্টেম্বর থেকে গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) পদটি ফাঁকা হয়েছে।

এছাড়া, মুজিবনগর উপজেলার তৎকালিন এসিল্যান্ড নাজমুল আলম বদলি হয়েছেন ২০২১ সালের ১ জুলাই মাসে। ঐতিহাসিক মুজিবনগর উপজেলায় ভূমি অফিসে এসিল্যান্ডের পদটি ফাঁকা রয়েছে প্রায় ২ বছর ফাঁকা রয়েছে। সহকারি কমিশনার (এসিল্যাণ্ড) শুণ্য থাকায় এসব অফিসের অতিরিক্ত দায়িত্ব পালন করছেন স্ব স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তা।

মুজিবনগরের সোনাপুর গ্রামের হোসেন আলী, জয়পুর তারানগর গ্রামের জামিরুল ইসলামসহ কয়েকজন জানালেন, প্রায় ৫ থেকে ৬ মাস আগে নামজারি জমা খারিজের আবেদন করেও এখন পর্যন্ত জমির নামজারি জমা খারিজ করতে পারেননি। কবে নাগাদ জমা খারিজ হবে তাও নিশ্চিত করে বলতে পারছেন না ওই অফিসের কেউ।

গাংনীর সহড়তলা গ্রামের আবু বক্কর জানান, ভূমি অফিসার না থাকায় আমার জমির নামজারি করতে পারছিনা। সেবা নিতে এসে আমার মত অনেকেই এখন বেকায়দায় পড়েছেন।

গাংনী এসি ল্যাণ্ড অফিসের প্রধান সহকারী জালাল উদ্দিন জানান, গাংনী উপজেলায় প্রতি মাসে প্রায় ১১শ থেকে ১২শ আবেদন পড়ে খারিজের জন্য। এই মাসে এসি ল্যাণ্ড স্যার না থাকায় সব খারিজসহ সকল ভুমি সেবা বন্ধ হয়ে পড়েছে।

দীর্ঘদিন থেকে এসিল্যান্ডের পদটি শুন্য থাকায় অনেক ফাইল আটকে আছে। ভূমি অফিসগুলোতে কিছুদিন থেকে ভূমি সংক্রান্ত বহু মামলার নিষ্পত্তি হচ্ছে না। জমির নামজারি জমা খারিজের কয়েক হাজার আবেদন জমে আছে অফিসে।এগুলো সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর না হওয়ায় আবেদনকারীরা ভোগান্তির শিকার হচ্ছেন।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, এসিল্যান্ডের শূন্য পদ পূরণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। এটা আমার এখতিয়ারভূক্ত নয়। বিভাগীয় কমিশনার বদলি করে থাকেন। এছাড়া জনপ্রশাসন প্রতিমন্ত্রীও বিষয়টি জানেন। তিনি বলেন শুধু এসিল্যান্ড নয়, কানুনগো ও সার্ভেয়ারের পদ শুন্য থাকায় সেবাগ্রহিতাদের কাঙ্খিত সেবা দেওয়া সম্ভব হচ্ছেনা।

তবে এ ব্যাপারে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপির মোবাইলে যোগাযোগ করা চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৪ আসামি রয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৪ জন ও নিয়মিত মামলায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩

আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

গাংনীতে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত

গাংনী উপজেলার বিভিন্ন জলাভূমি, বর্ষা প্লাবিত ধানক্ষেত ও প্রতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তি করা হয়েছে।

গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় বরাদ্দকৃত অর্থ থেকে গাংনী উপজেলার ৯ টি জলাশয়ে ৩৫৭ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

জলাশয়গুলোর মধ্যে গাংনী উপজেলা পরিষদ পুকুরে ৩৭ কেজি, গাংনী এতিমখানা পুকুরে ৫০ কেজি, ভাটপাড়া ডিসি ইকোপার্ক সংলগ্ন কাজলা নদীতে ৩০ কেজি, নিত্যনন্দপুর নেলুয়ার বিলে ৪০ কেজি, জোড়পুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরে ৪০ কেজি, তেঁতুলবাড়িয়া খালে ৩০ কেজি, সানঘাট হাফিজিয়া মাদ্রাসা পুকুরে ৪০ কেজি, দিগলকান্দি গুচ্ছগ্রাম পুকুরে ৫০ তেজি ও গাংনী থানা পরিষদ পুকুরে ৪০ কেজি মাছ অবমুক্ত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) সকালে গাংনী উপজেলা পরিষদ পুকুরে মাছ অবমুক্ত করেন জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোসুমী খানমের সভাপতিত্বে এই মাছ

অবমুক্ত করণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদুর রহমান ও খামার ব্যবস্থাপক ইকবাল শরিফ গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন, মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন অধিদপ্তরের কর্তকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া গাংনী থানা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক। এসময় উপস্থিত ছিলেন, সেকেন্ড অফিসার আব্দুর রাজ্জাক, উপপরিদর্শক (এসআই) হাফিজুর রহমান, এসআই আতিকুর রহমান।

মেহেরপুরে পৃথক দুটি মোটরসাইকেল দূর্ঘটনায় আহত ৩

মেহেরপুরে পৃথক দুটি সড়ক দূর্ঘটনায় এক নারী ও দুই যুবক আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়া গ্রামের আলম মীরের স্ত্রী তসলিমা খাতুন, আমঝুপি উত্তরপাড়া এলাকার জসিম উদ্দিনের ছেলে সোহাগ ও মেহেরপুর শহরের গোরস্তানপাড়ার আলাউদ্দিনের ছেলে রনক।

স্থানীয়রা জানান, আজ বুধবার (২১ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের গরুর হাট এলাকায় আমঝুপি গ্রামের মোটরসাইকেল আরোহী সোহাগ সাইকেল আরোহী রনককে পিছন থেকে ধাক্কা দেই। এতে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সোহাগ রাস্তার পাশের গাছের সাথে ধাক্কা মারে এবং রনক রাস্তায় ছিটকে পরলে দুজনই আহত হয়।তাদের উদ্ধার করে হাসপাতালে নেন স্থানীয়রা।

অপরদিকে মঙ্গলবার দিবাগত রাত ৯ টার দিকে সড়কের বারাদি নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় তাছলিমা খাতুনকে দ্রুতগামি

মোটরসাইকেল চাপা দিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা মেহেরপুর২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।